

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি
১/ক, সেগুনবাগিচা, ঢাকা ১০০০
www.imli.gov.bd

অধিদপ্তর/দপ্তর/সংস্থার নাম : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট

১। **উদ্ভাবনের শিরোনাম :** বিশ্বের লিখন-বিধি আর্কাইভের নিদর্শনসমূহের পুস্তকরূপ প্রকাশনা।

উদ্ভাবকের ব্যক্তিগত তথ্য: অধ্যাপক ড. জীনাৎ ইমতিয়াজ আলী

মহাপরিচালক

মোবাইল: 01558-172705, ইমেইল: imli.moebd@gmail.com

২। **কীভাবে যাত্রা শুরু/ পটভূমি :**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন, ২০১০-এর ধারা-৭-এ উল্লিখিত ইনস্টিটিউটের ক্ষমতা ও দায়িত্বের উপধারা (১৮)-তে উল্লেখ রয়েছে যে, 'বিভিন্ন ভাষা ও বর্ণমালার জন্য একটি আর্কাইভ নির্মাণ ও পরিচালনা'। এ দায়িত্বকে বাস্তবায়ন করে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে বিশ্বের লিখন-বিধি আর্কাইভ স্থাপন করা হয়েছে। এ আর্কাইভে ১৪৯ (একশত উনপঞ্চাশ)টি ভাষার নমুনা সংরক্ষিত আছে। দর্শনার্থীগণ কর্মদিবসে অফিস চলাকালীন এ আর্কাইভ পরিদর্শন করে বিশ্বের লিখন-বিধিসমূহ সম্পর্কে জানতে পারে। তবে শিক্ষার্থী ও গবেষকগণ এ আর্কাইভের তথ্য তাদের গবেষণা ও একাডেমিক কাজে ব্যবহার করতে হলে ইনস্টিটিউটে উপস্থিত তথ্য সংগ্রহ করতে হয়। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে আগত গবেষক ও শিক্ষার্থীগণ বিশ্বের লিখন-বিধি আর্কাইভের সংরক্ষিত নমুনা সমূহ পুস্তকরূপ প্রকাশনার অনুরোধ জ্ঞাপন করেন। সে পরিপ্রেক্ষিতে বিশ্বের লিখন-বিধি আর্কাইভের সংরক্ষিত নমুনা সমূহ পুস্তকরূপ প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিল্পী রফিকুন নবী (রনবী) ২৩/০২/২০১৯ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের বিশ্বের লিখন-বিধি আর্কাইভ পরিদর্শনকালে আর্কাইভের নমুনা সংক্রান্ত প্রকাশনা লাভের আশা মৌখিকভাবে ব্যক্ত করেন। তার এই আশা থেকে বিশ্বের লিখন-বিধি আর্কাইভের সংরক্ষিত নমুনা সমূহ পুস্তকরূপ প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়। বিশ্বের লিখন-বিধি আর্কাইভের সংরক্ষিত নমুনা সম্পর্কে তথ্য আহরণের জন্য গবেষক ও শিক্ষার্থীদের ইনস্টিটিউটে আগমন করতে হয়। ফলে মূল্যবান সময় ও অর্থ ব্যয় হয়। আর্কাইভের সংরক্ষিত নমুনা সমূহের পুস্তকরূপ প্রকাশনা করা হলে এ সমস্যা দূরিভূত হবে।

৩। **পরিবর্তনের শুরু কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছে :**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের বিশ্বের লিখন-বিধি আর্কাইভ একটি বিশেষায়িত আর্কাইভ। ভাষা গবেষক, ভাষা ও শিক্ষা বিষয়ক শিক্ষার্থী এবং উল্লিখিত বিষয়ে আগ্রহী দর্শনার্থীরা এ আর্কাইভ পরিদর্শন করে থাকেন। আর্কাইভের সংরক্ষিত নমুনা সমূহের পুস্তকরূপ প্রকাশনা করা হলে আর্কাইভ পরিদর্শন ছাড়াও তারা এ সংক্রান্ত জ্ঞান চর্চার সুযোগ পাবেন। প্রকাশনাটি ভাষা গবেষণার ক্ষেত্রে রেফারেন্স হিসেবে ব্যবহৃত হবে এবং ভাষাগবেষণার কাজ সহজতর হবে। জনসাধারণ ইনস্টিটিউটে পরিদর্শনে না এসেও বিশ্বের লিখন-বিধির বিভিন্ন নিদর্শন সম্পর্কে অবগত হতে পারবে। ফলে তাদের সময় ও অর্থের ব্যয় হ্রাস পাবে। এ সংক্রান্ত প্রকাশনাটি দ্বিভাষায় (বাংলা ও ইংরেজি) সম্পাদন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে বাংলার পাশাপাশি ইংরেজি ভাষা-ভাষীগণও আর্কাইভে সংরক্ষিত নমুনা সমূহ সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে। বিশ্বের বিভিন্ন দেশে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট তথা বাংলাদেশের ভাষা সংক্রান্ত গবেষণার তথ্যের বিস্তার ঘটবে।

৪। **উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতি:**

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক বিশ্বের লিখন-বিধি আর্কাইভের নিদর্শনসমূহের পুস্তকরূপ প্রকাশনার উদ্যোগ গ্রহণের সংবাদে আর্কাইভের দর্শনার্থীবৃন্দ উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তারা জানিয়েছে এই উদ্যোগের ফলে তারা আর্কাইভে না এসেই আর্কাইভে সংরক্ষিত বিভিন্ন ভাষার লিখন-বিধি সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবেন। পুস্তকটি নিজ নিজ সংগ্রহ ও দেশ বিদেশের গ্রন্থাগারে সংগ্রহকে সমৃদ্ধ করবে। এই প্রকাশনাটি ভবিষ্যতে এ সংক্রান্ত গবেষণার নতুন নতুন ক্ষেত্র উন্মোচন করবে বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন।

১৫/৫/১৯
২/১/১৯


৫। টিভিসি/গ্রাফ/ইনফোগ্রাফিকস/ছবি/ভিডিও:

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে স্থাপিত বিশ্বের লিখন-বিধি আর্কাইভের আলোকচিত্র



৬। উদ্বাবন ও বাস্তবায়ন টিম

সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা
১. মোঃ ফজলুর রহমান ভূঞা, পরিচালক (যুগ্মসচিব) প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
২. মাহবুবা আক্তার, উপপরিচালক (উপসচিব) প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
৩. ড. মোঃ ইলতেমাস, উপপরিচালক (সহযোগী অধ্যাপক) প্রকাশনা ও গবেষণা পরিকল্পনা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
৪. মোহাম্মদ মাহবুবুর রহমান খান, সহকারী পরিচালক (সহকারী অধ্যাপক) প্রশাসন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট


(অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী) 22/10/2020

মহাপরিচালক

ফোন: ৮৩৯১৩৪৬

ই-মেইল: imli.moebd@gmail.com